

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১০৫১.২০১৬- ৪৪২


তারিখ : ২৭/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৫৩৮৯/২০১৬, বাদী-জনাব মোঃ আব্দুল রাজ্জাক, পিতা মৃত-তালেবুর রহমান, নির্বাচিত চেয়ারম্যান, আউলিয়াপুর ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা, দিনাজপুর, গ্রাম-মহব্বতপুর, থানা কোতয়ালী, জেলা-দিনাজপুর-বনাম-সরকার ও অন্যান্য।

দিনাজপুর জেলার সদর উপজেলার আউলিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল রাজ্জাক এর বিরুদ্ধে রাষ্ট্রের স্বার্থহানিকর কর্মকাণ্ডে জড়িত থাকায় এবং উক্ত চেয়ারম্যানের বিরুদ্ধে দিনাজপুর কোতয়ালী থানায় মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-১৫৩৮৯/২০১৬ দায়ের করেন। মামলাটি সরকারের পক্ষে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল, আপীল দায়ের ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য একজন এ ও আর/অ্যাডভোকেট নিয়োগপূর্বক সরকারি আইনজীবীর পাশাপাশি স্থানীয় সরকার বিভাগের বেসরকারী প্যানেল আইনজীবী হিসাবে তাঁকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্ত : রুল, আরজি, ওকালতনামা ও
আনুষঙ্গিক কাগজপত্র-----ফর্দ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

জনাব এডঃ শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা ;
- ২। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা ;
- ৩। উপসচিব(উপজেলা-১শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা ;
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ ;
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়ের সাইটে প্রকাশের জন্য)।